

জকসু নির্বাচন স্থগিত: অনিশ্চয়তায় ক্যাম্পাস ছাড়ছেন শিক্ষার্থীরা

জবি প্রতিনিধি

৩০ ডিসেম্বর ২০২৫, ০২:১০ পিএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) নির্বাচন স্থগিতের ঘোষণার পর ভিসি ভবন ঘেরাও করে আন্দোলন শুরু করেন শিক্ষার্থীরা। এদিকে এ উত্তাল পরিস্থিতির মাঝে ক্যাম্পাস ছাড়তে শুরু করেছেন সাধারণ শিক্ষার্থীরা।

আজ মঙ্গলবার (৩০ ডিসেম্বর) দুপুর ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক ও আশপাশের এলাকায় শিক্ষার্থীদের ক্যাম্পাস ছাড়ার দৃশ্য চোখে পড়ে।

এর আগে এক জরুরি সিডিকেট সভায় জকসু নির্বাচন স্থগিতের সিদ্ধান্ত নেয়া হয় বলে নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম। আজ সকাল সোয়া ৯টায় নির্বাচন স্থগিতের এ আনুষ্ঠানিক ঘোষণা আসে।

তবে এ ঘোষণার পর ভিসি ভবন ঘেরাও করে আন্দোলন শুরু করে প্রার্থী ও শিক্ষার্থীরা। প্রতিবেদন লেখা পর্যন্ত ভিসি ভবন ঘেরাও করে নির্বাচন আদায়ে শিক্ষার্থীরা আন্দোলন চালিয়ে যাচ্ছেন।

এদিন সকাল থেকেই ভোট দেওয়ার জন্য দূর-দূরান্ত থেকে শিক্ষার্থীরা ক্যাম্পাসে এসেছিলেন। তবে ভোটের অনিশ্চয়তায় ক্যাম্পাস ছাড়ছেন তারা।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী তৌফিক আহমেদ বলেন, ‘ভোট দেওয়ার জন্য বের হয়েছিলাম ক্যাম্পাসে এসে শুনি ভোট হবে না। এখন ক্যাম্পাসের পরিবেশ যা দেখছি, তাতে থাকাটা নিরাপদ মনে হচ্ছে না। তাই তাই বাসায় ফিরে যাচ্ছি।’

আরেক শিক্ষার্থী নুসরাত জাহান বলেন, ‘নির্বাচনের জন্য ক্লাস-পরীক্ষা আগে থেকেই শিথিল ছিল। এখন নির্বাচনও হলো না, আবার কবে হবে তারও ঠিক নেই। এই অনিশ্চয়তার চেয়ে বাসায় চলে যাওয়াই ভালো মনে করছি।’